نشرة
أكاديمية الزيتون

# ZAITOON Bulletin

On the Occasion of Celebrating 1st Anniversary of Zaitoon Academy

সাফল্যের ১ বছর



যাইতুন বুলেটিন

Zaitoon Academy أكاديمية الزيتون

www.zaitoonacademy.com



# যাইতুন একাডেমির ১ বছর প্রত্যাশার চেয়ে প্রাপ্তি বেশি

**ড. মুহাম্মদ আমিনুল হক**
চেয়ারম্যান, যাইতুন একাডেমি

যাইতুন একাডেমি দেখতে দেখতে ১ বছর পার করে ফেলেছে। আলহামদুলিল্লাহ ছুম্মা আলহামদুলিল্লাহ। ২০২৩ সালের ১লা মার্চ মাত্র ৬ জন ছাত্র নিয়ে যাইতুন একাডেমি চট্টগ্রামের পশ্চিম খুলশীর জালালাবাদ আবাসিক এলাকায় হিফজ বিভাগের কার্যক্রম শুরু করে। হাটি হাটি পা পা করে এগুতে থাকে যাইতুনের কার্যক্রম। হিফজ বিভাগের কার্যক্রম দিয়ে শুরু হলেও জানুয়ারি-২০২৪ থেকে যুক্ত হয় যাইতুনের স্কুল কার্যক্রম। প্লে গ্রুপ থেকে ক্লাস থ্রি পর্যন্ত একাডেমিক কার্যক্রম শুরু হয়েছে এ বছর। হিফজ বিভাগ এবং স্কুল বিভাগের ছাত্র-ছাত্রী সংখ্যা ১৫০ এর কাছাকাছি। বছর না পুরাতেই যাইতুন একাডেমি চট্টগ্রামের মানুষের কাছে এতটা আস্থা কুড়াবে তা আমরা কল্পনাও করতে পারিনি।

যাইতুনের হিফজ বিভাগকে আমরা আন্তর্জাতিক মানে নিয়ে যাওয়ার জন্য দিন-রাত কাজ করে যাচ্ছি। এই বিভাগের শিক্ষকদের নিরলস পরিশ্রমে হিফজ বিভাগের ছাত্র-ছাত্রীরা খুব দ্রুত উন্নতি করছে। যাইতুন একাডেমির হিফজ বিভাগ বেশ কিছু কারণে অনন্য। যাইতুনের পরিচ্ছন্ন ছিমছাম পরিবেশ যে কাউকে আকৃষ্ট করে। উন্নত মানের খাওয়া-দাওয়া ও থাকার পরিবেশ ছাত্র-ছাত্রীদেরকে সুন্দর পড়ার-লেখার পরিবেশ দান করেছে। সার্বক্ষণিক বাস্তবসম্মত রুটিনের মধ্য দিয়ে হিফজ বিভাগের শিক্ষার্থীরা এখানে পড়াশুনা করছে। যাইতুনে সবচেয়ে বেশি গুরুত্ব দেয়া হয় শিক্ষার্থীদের আদব আখলাকের বিষয়টি। এখানকার শিক্ষার্থীদেরকে শুরু থেকে একটি কথা বেশি করে রপ্ত করানো হয় যে, "কুরআন শিখে যদি কুরআনের আলো আমার মধ্যে না থাকে তাহলে আমার কোনো মূল্য নেই।" হিফজ বিভাগের শিক্ষার্থীরা আরবি, ইংরেজি, গণিত এবং বাংলা ভাষাও প্রয়োজনমতো রপ্ত করছে যাতে হিফজ শেষে সাধারণ শিক্ষায় খুব সহজে নিজেদেরকে মানিয়ে নিতে পারে।

যাইতুন একাডেমির স্কুল কার্যক্রমও খুব সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। সম্পূর্ণ ইংরেজি ও আরবি মাধ্যমে পাঠদান করা হয় একাডেমির ছাত্র-ছাত্রীদের। যাইতুনের বড় সফলতা হচ্ছে, বছরের শুরু থেকে শিক্ষার্থীরা কাস্টমাইজড সিলেবাসের আলোকে জেনারেল ও কুরআনিক স্টাডিজের পাঠ্য-পুস্তক হাতে পেয়েছে। একদল নিবেদিত নতুন পুরাতন শিক্ষক টিমের কঠোর পরিশ্রমে যাইতুনের ক্ষুদে শিক্ষার্থীরা যোগ্য হয়ে উঠছে। একাডেমিক কারিকুলামের পাশাপাশি যাইতুনের শিক্ষার্থীদের জন্য এক্সট্রা কারিকুলার এক্টিভিটিসও রয়েছে; যা তাদের সুপ্ত প্রতিভা বিকাশে সাহায্য করছে। সপ্তাহে ২ দিন নাশিদ ক্লাস, সাপ্তাহিক আরবি ও ইংরেজি লেকচার ক্লাস শিক্ষার্থীদেরকে স্কিলফুল করে তুলছে। যাইতুন একাডেমির শিক্ষার্থীদের প্রতিদিনের ক্লাস শুরু হয় কুরআন ক্লাস দিয়ে। একাডেমির শিক্ষার্থীরা যদি হিফজ বিভাগে নাও পড়ে তারপরও তারা প্রায় ৫ পারা কুরআন হিফজ করতে পারবে শুধুমাত্র তাদের সাধারণ সিলেবাসের মধ্য দিয়েই। যাইতুনের শিক্ষার্থীরা একটানা দশম শ্রেণি পর্যন্ত পড়লে ইংরেজি ও আরবি ভাষায় দক্ষ হওয়ার পাশাপাশি অন্যান্য সাধারণ বিষয়েও তারা পারদর্শিতা অর্জন করবে। এসএসসি/দাখিল পাশের মধ্যেই তারা মুসলিম হিসেবে যত ধরনের বেসিক জ্ঞান দরকার তাও অর্জন করতে পারবে।

অতি অল্প সময়ে যাইতুন একাডেমি চট্টগ্রামের মানুষের নজর কেড়েছে। যাইতুন একাডেমি ইতিমধ্যে যে সমস্ত মাইলফলক স্পর্শ করেছে তা প্রত্যাশার চেয়ে অনেক বেশি। মাত্র এক বছরে ৪ জন ছাত্র পুরোপুরি হিফজ সম্পন্ন করেছে। যাইতুন লাইব্রেরি, যাইতুন স্টুডিও ব্যবহার করে শিক্ষার্থীরা নিজেদেরকে এগিয়ে নিতে পারছে। যাইতুনের অভিভাবকদের জন্য বেশ কিছু ট্রেনিং প্রোগ্রাম আয়োজন করা হয়েছে। অভিভাবকরা ফ্রি সময়ে যাইতুনের লাইব্রেরি ব্যবহারেরও সুযোগ পাচ্ছেন। আমরা যাইতুনের অভিভাবকদের পেয়ে ধন্য। তারা একাডেমির সকল কার্যক্রমকে সফল করার পেছনে সক্রিয় ভুমিকা পালন করে যাচ্ছেন। আমাদের প্রতিটি কাজে অভিভাবকদের অকুণ্ঠ সমর্থন ও সহযোগিতায় আমরা ধন্য। যাইতুনের ম্যানেজমেন্ট, শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা-কর্মচারী এবং কাছে দূরের প্রত্যেক শুভানুধ্যায়ীদের জন্য আমার পক্ষ থেকে রইল আন্তরিক দোয়া। আল্লাহ তায়ালা আমাদের সবাইকে যাইতুনের পাশে থেকে এটিকে বিশ্বমানের প্রতিষ্ঠানে পরিণত করার তাওফিক দিন। আমীন।



# যাইতুন হবে বিশ্বসেরা শিক্ষা প্রতিষ্ঠান

**ড. বি এম মফিজুর রহমান আল আজহারী**
অধ্যাপক, আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম
ভাইস চেয়ারম্যান, যাইতুন একাডেমি।

আলহাদুলিল্লাহি ওয়াস সালাতু ওয়াস সালামু আলা নাবিয়্যিনা মুহাম্মাদিন সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা সালামান কাসিরান

আল্লাহ তায়ালা পবিত্র কুরআনে ইরশাদ করছেন, (يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا قُوا أَنْفُسَكُمْ وَأَهْلِيكُمْ نَارًا)
অর্থাৎ: "হে ঈমানদারগণ! তোমরা নিজেদেরকে এবং তোমাদের পরিবার-পরিজনকেও জাহান্নামের আগুন থেকে রক্ষা করো" (সূরা আত-তাহরীম: ৬)

এই আয়াতের আলোকে প্রত্যেক মা বা সন্তানদের ভবিষৎ নিয়ে শঙ্কিত এবং উদ্বিগ্ন। সন্তানদেরকে জাহান্নামের আগুন থেকে বাচাতে হলে তাদেরকে আদর্শ মানুষ হিসেবে গড়ে তুলতে হবে। আর আদর্শ মানুষ গড়বার জন্য আদর্শ প্রতিষ্ঠান অনিবার্য্য। বর্তমানে গোটা পৃথিবী জুড়ে চলছে শিক্ষার সঙ্কট। এই সঙ্কটাপন্ন অবস্থার মধ্যে সত্যিকারার্থে ভালো মানুষ তৈরি করার আদর্শ প্রতিষ্ঠান খুবই বিরল বলা যায়। এ বাস্তবতা সামনে রেখে আদর্শ প্রজন্ম গড়ার লক্ষ্যে কুরআন এবং সুন্নাহর আলোকে সত্যিকার হাফিজে কুরআন-আলিমে দ্বীন তৈরির উদ্দেশ্য নিয়ে প্রতিষ্ঠিত হয়েছে চট্টগ্রামের যাইতুন একাডেমি। এই প্রতিষ্ঠান প্রতিষ্ঠার স্বপ্ন যিনি দেখেছেন এবং সরাসরি সকল কার্যক্রম তত্ত্বাবধান করছেন- ড. মুহাম্মদ আমিনুল হক; তিনি একজন বরেণ্য শিক্ষাবীদ এবং এই শিক্ষা কার্যক্রমে তিনি বহুদিন যাবত জড়িত। তিনি তার অভিজ্ঞতালব্ধ জ্ঞানের আলোকে এই প্রতিষ্ঠান গড়ে তুলেছেন। আলহামদুলিল্লাহ, আমরাও এই প্রতিষ্ঠানের শুরু থেকেই কারিকুলাম থেকে শুরু করে অন্যান্য সকল কার্যক্রমে জড়িত রয়েছি। বিশেষকরে কোয়ালিটি এডুকেশন নিশ্চিত করার জন্য এবং আমাদের সন্তানদেরকে যাতে করে আদর্শ মানুষ হিসেবে গড়ে তুলতে পারি সে লক্ষ্যে রাত-দিন কাজ করে যাচ্ছি।

ইতিমধ্যে যাইতুন একাডেমি প্রতিষ্ঠার একটি বছর কেটে গেল। মনে হচ্ছে যেন, আমরা সবাই স্বপ্নের মধ্যে আছি। আসলে যতটা প্রত্যাশা নিয়ে যাইতুনের কার্যক্রম শুরু করেছিলাম বাস্তবে আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালার রহমতে যাইতুনের কার্যক্রম তার চেয়েও আরো অনেক গতিতে এগিয়ে চলছে। বিশেষ করে সচেতন অভিভাবকদের যাইতুনের প্রতি যে আগ্রহ ও ভালোবাসা আছে, গ্রহণযোগ্যতা তাদের কাছে পেয়েছি- এটা খুবই আনন্দের বিষয়। এটা একটা সুসংবাদ আমাদের জন্য। আমরা আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালার কাছে দুয়া করি, আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালা যেন এই প্রতিষ্ঠানকে তার কাঙ্খিত লক্ষ্যে পৌঁছিয়ে দেন এবং যারা প্রতিষ্ঠানের পেছনে কাজ করছেন আল্লাহ যেন তাদেরকে সুস্থ রাখেন। তাদের মনোবল, তাদের যোগ্যতা, তাদের কর্মতৎপরতা আরো বৃদ্ধি করে দেন এবং যাইতুন যেন হাটি হাটি পা পা করে ইনশাআল্লাহ বিশ্বের মধ্যে অন্যতম একটি ইসলামী শিক্ষা প্রতিষ্ঠান হতে পারে- সেই শুভ কামনা রইল।

সর্বোপরি গোটা উম্মাহ এ জাতীয় প্রতিষ্ঠানের দিকে তাকিয়ে রয়েছেন। উম্মাহর এই প্রত্যাশা পূরণের জন্য যাইতুন এগিয়ে যেতে পারে সেজন্য আল্লাহর দরবারে তৌফিক কামনা করছি এবং সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করছি।



# যাইতুন একাডেমি এগিয়ে যাক

**ড. মুহাম্মদ শহীদুল হক**
সহযোগী অধ্যাপক ও সাবেক চেয়ারম্যান
গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
ভাইস চেয়ারম্যান, যাইতুন একাডেমি

আলহামদুলিল্লাহ, মহান আল্লাহর দরবারে অশেষ শোকর যে, মহান আল্লাহ তায়ালা মাত্র এক বছরে যাইতুন একাডেমির এতো উন্নয়ন, এতো বিকাশ এবং ছাত্র সংখ্যা বৃদ্ধি করার তৌফিক দিয়েছেন আমাদেরকে।

যাইতুন আমার কাছে মনে হয়, মহান আল্লাহ তায়ালার সরাসরি রহমত দ্বারা বেষ্টিত। পবিত্র কুরআনের খেদমতের নিয়ত করেই যাইতুনের যাত্রা শুরু হয়েছিল। আমি মনে করি কুরআনের বরকতে আজকের যাইতুন একাডেমি পরিপূর্ণ হয়ে উঠেছে। না হয় মাত্র এক বছরে প্রায় দেড় শতাধিক ছাত্র-ছাত্রী হওয়া; এটা খুবই বরকতময় একটি বিষয়। যাইতুনে আমার যে বিষয়গুলো বেশি ভালো লেগেছে সেগুলো হলো- অভিভাবকদেরকে যাথাযথ মূল্যায়ন করা, তাদেরকে সম্মান দেওয়া, তাদের জন্য ট্রেনিংয়ের ব্যবস্থা করা, ওয়ার্কসপ করা, তাদের জন্য আলাদা কিছু কোর্সের ব্যবস্থা করা। যাইতুন লাইব্রেরী এটাও একটা সুন্দর সংযোজন। লাইব্রেরীর মাধ্যমে অভিভাবক এবং শিক্ষার্থী উভয়ই উপকৃত হবেন। যাইতুনের আরেকটি বিষয় যেটা আমার ভালো লেগেছে, সেটা হলো পরিষ্কার-পরিচ্ছন্নতা। পরিষ্কার-পরিচ্ছন্নতা ঈমানের অঙ্গ। কিন্তু অনেক ইসলামী শিক্ষা প্রতিষ্ঠানে এগুলো যথাযথভাবে তদারকি করা হয়না, এটা খুবই দুঃখজনক। যাইতুন একাডেমি এক্ষেত্রে শতভাগ সফল। তারা তাদের এই পরিষ্কার-পরিচ্ছন্নতার ধারা অব্যাহত রেখে অনেক রুচিশীল-আধুনিক মন-মানসিকতার মানুষদের ইসলামের দিকে দাওয়াত দিতে সক্ষম হচ্ছে।

যাইতুন একাডেমির আরেকটি বিষয় আমাকে মুগ্ধ করেছে, সেটা হলো- আমরা জানি, যদি হিফজ ভালোভাবে করতে হয় তাহলে বাংলাদেশের ট্রেডিশনাল পদ্ধতিটাই সবচেয়ে ভালো। সে হিসেবে হিফজে ভালো রেজাল্টকারী শিক্ষকদেরই আনা হয়েছে। একই সাথে হিফজের দুটো ধারা চালু করা হয়েছে। একটা হচ্ছে- যারা নিয়মিত হিফজ করবে। আরেকটা- আফটার স্কুল হিফজ করবে। এটাও একটা সুন্দর আইডিয়া। যাইতুন একাডেমির শিক্ষক প্রশিক্ষণও আমার কাছে খুবই ভালো লেগেছে। আরেকটি বিষয়, ছাত্র-ছাত্রীদেরকে আলাদাভাবে যত্ন নেওয়া, খেয়াল করা, তাদের জন্য নোট করা, কার কি দূর্বলতা আছে যেগুলোর যত্ন নেওয়া আমাকে খুবই মুগ্ধ করেছে। মুগ্ধ করেছে নানাবিধ নতুন নতুন কার্যক্রম, ভাষা শিক্ষা, ম্যাগাজিন প্রকাশ করা, ক্যালেন্ডার প্রকাশ করা, বিভিন্ন জাতীয় দিবসগুলো পালন করা। এগুলো অবশ্যই গুরুত্বপূর্ণ। ছোট ছোট শিশুরাই যদি আজকে এভাবে গড়ে উঠে তাহলে তারা বর্তমান প্রজন্মের চেয়েও অনেক বেশি উপকৃত হবে এবং তাদের দ্বারা জাতি উপকৃত হবে। আরেকটি বিষয় না বললেই নয়, সেটা হলো- ড. মুহাম্মদ আমিনুল হকের দিন-রাত খাটুনি। কোন প্রতিষ্ঠান দাঁড় করাতে হলে একজনকে তার জীবন সোপর্দ করতে হয়, সেক্রিফাইস করতে হয়। দিন নাই রাত নাই তিনি সবসময়ই পড়ে থাকেন এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। যাইতুন একাডেমির আইসিটি ম্যানেজমেন্টও অত্যন্ত চমৎকার। তাদের ফেসবুক পেজ, ওয়েবসাইটে আপডেটেড ইনফরমেশন থাকে যার দ্বারা অভিভাবকরা অনেক উপকৃত হতে পারেন। ছাত্র-ছাত্রীদের ব্যাপারে আপডেট জানেন, ফি-এর ব্যাপারে আপডেট জানতে পারেন, নতুন কর্মসূচীর ব্যাপারে আপডেট জানতে পারেন, যে কোন অনুষ্ঠানের ব্যাপারে আপডেট জানতে পারেন। আধুনিক প্রযুক্তির ব্যবহার, স্যোশাল মিডিয়ার ব্যবহার, ফেসবুক, হোয়াটসঅ্যাপ ব্যবহার এটাও আমার কাছে খুব ভালো লেগেছে।

ইখলাস ছাড়া কোন প্রতিষ্ঠান দাড়াতে পারে না। আমার কাছে মনে হয়েছে যে, যাইতুন কোন ব্যবসায়িক প্রতিষ্ঠান নয়; এটা মানবসেবাধর্মী। অনেক জায়গায় আমরা হয়তো স্লোগান দ্বারা প্রতারিত হই, হয়তো মুখে মুখে বলা হয় যে, ব্যবসা নেই কিন্তু অনেক সময় দেখা যায় যে, ব্যবসা-ই মূখ্য হয়ে দাঁড়ায়। কিন্তু যাইতুন এক্ষেত্রে ব্যতিক্রম বলে আমার কাছে মনে হচ্ছে। যাইতুন মানবসেবা, এতিমদের সেবা, অসহায় শিক্ষার্থীদের সেবায় এগিয়ে এসেছে।

আমি যাইতুনের জন্য দোয়া করি এবং এর উত্তরোত্তর সফলতা কামনা করছি।

# যাইতুন একাডেমি বাস্তবায়িত এক স্বপ্নের নাম



**এডভোকেট রাবেয়া সুলতানা**
সেক্রেটারি, যাইতুন একাডেমি

যাইতুন একাডেমি তার প্রতিষ্ঠার একবছর পূর্ণ করলো আলহামদুলিল্লাহ। এটা এমন যেনো আমার সন্তান তার জীবনের একবছর পূর্ণ করলো। তাই সবার আগে মহান আল্লাহর দরবারে লাখো কোটি শুকরিয়া আদায় করছি এবং যাইতুনের সুদীর্ঘ পথচলা কামনা করছি।

যাইতুন একাডেমির সেক্রেটারির দায়িত্ব পালন করলেও আমি মূলত যাইতুনের বালিকা শাখার সাথেই নিজেকে বেশি দায়িত্বশীল রেখেছি। যাইতুনের বালিকা শাখা আবাসিক, অনাবাসিক এবং ডে-কেয়ার তিনটি বিভাগের ছাত্রীদের দ্বারা মুখরিত একটা শাখা। যাইতুনের বালিকা শাখায় ছাত্রীদের তত্ত্বাবধানের জন্য আছেন আমাদের দুইজন দক্ষ, প্রশিক্ষিত এবং মিষ্টভাষী উস্তাজাহ। উনারা ২৪ ঘন্টা মেয়েদের পড়াশোনা থেকে শুরু করে যাবতীয় সবকিছু দেখভাল করেন।

আমার জীবনে অনন্য এক শান্তির নাম হলো যাইতুন একাডেমির যাইতুন বালিকা শাখা। যাইতুনের বালিকা শাখার যাত্রা শুরু হয় ২০২৩ সালের জুন মাস হতে " Zaitoon Girl's Orphanage" চালুর মাধ্যমে। যাইতুনের অনেকগুলো শিক্ষা শাখার মধ্যে এটা অন্যতম। বর্তমানে যাইতুন বালিকা শাখায় অন্যান্য সাধারণ পরিবারের ছেলে-মেয়ের মতো সমান সুযোগ সুবিধা এবং শিক্ষা কার্যক্রম দ্বারা আমরা ইয়াতিম মেয়েদের নিজের সন্তানের মতো লালন পালন করছি। আরও দশটা সাধারণ পরিবারের মেয়েদের সাথে আমাদের ইয়াতিম মেয়েরাও একইসাথে একই পরিবেশে বড়ো হচ্ছে। আমার নিজের ছোট মেয়েটাও তাদের সাথেই একসাথে পড়াশোনা করছে। ইচ্ছা ছিলো নিজ সন্তানের মতো তাদেরকে বড়ো করবো। এই অল্প সময়ে ভালোবাসার বন্ধন এতোটাই মজবুত হয়েছে যে, তারা আমাকেই তাদের মা বলেই জানে। সন্তানের জন্মে যেমন একজন মহিলা মা হয় তেমনি যাইতুন একাডেমির প্রতিষ্ঠা আমাকে দিয়েছে অনেক সন্তানের মা হবার সৌভাগ্য। কারণ আমি যখন বালিকা শাখায় প্রবেশ করি সবগুলো মেয়ে দৌড়ে আসে আমাকে আম্মু বলে জড়িয়ে ধরে। যেটা সত্যিই হৃদয় ছুঁয়ে চোখে পানি এসে যাওয়ার মতো।

প্রতিষ্ঠার প্রথম বছরেই যাইতুন একাডেমি যেভাবে সবার কাছে গ্রহণযোগ্যতা পেয়েছে এটা সত্যিই আমার কাছে আল্লাহ পাকের শ্রেষ্ঠ রহমত। আমিও প্রতিদিন দুয়া করি সবার এই আস্থা যেনো আমরা ধরে রাখতে পারি। উত্তরোত্তর যেনো নিজেদের উৎকর্ষ সাধনের মাধ্যমে সঠিক দ্বীন ইসলাম প্রতিষ্ঠা করে আলেমে দ্বীন প্রতিষ্ঠায় যাইতুন একাডেমি অবদান রাখতে পারে। যাইতুন একাডেমি হোক এদেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোর রোল মডেল। আমীন।

# Play Group Activities


Labiba


Mutthara Binte Jamil


Tazwar Sayed Khaled


Sayed Mahmud Adib


Abdullah Zawad




Zayan Zafir Rahman


Raiyan Bin Rashed


Rafan Bin Rashed


Ayman Sadid


Zannatul Adon






Mariyam Bintay Mahamud


Afiya Binte Benzir




Sunat Taeen


Mubassira Mostafij Azra






Aynoor Waqiah


Nusaifa Fatiha


Anas Ibne Aman


Safwan Ibne Nawshad


Arvin Afraaz Saifan


Abdullah Mir Anas


Ishtiaqul Hoque


Salman Sajid

# Nursery Group Activities


Jarif Arham Numair


Mahir Faiyaz


Zahin Al Arshan


Tausifur Rahman Ayan


Azizul Islam


Abrar Galib Mayaz


Umme Jamila Radiya


Fatiha Jannat Ifra


Fatima Jahin


Marium Akter











Rohima Akter Meghla


Tanjima Nawer Ruhee


Abida Afrin


Radifa Rashed


Junaira Azleen


Rubaiya Siddika

# KG Group Activities


Khalid Bin Mahamud


Abdullah Bin Asad


Ahil Alam Zavi


Md. Labib


Muhammad Ibrahim Anas


Tanshuba Hasan Sabrin


Samiha Ahmad Sarah


Mahnoor


Umme Juwairiya Binte Tareq

















# Class One Activities


Md. Ajwad


Md. Jawad Islam Rafan


Md. Abrar Fayaz


Shafayat Bin Iskander


Mohammed Adnan Wasif




Mumtahina Jamil


Fatema Binte Jashim


Mehrima Binte Faruk


Mst Mumtahina Azam Sabiha


Rabeya Akter Megha






Nusaiba Alam










Mehmet-Al-Zaheen



Afrah Binte Aman



Mahmuda Raiyaan Noor



Shajarah Faruqui



Shahrin Newaj Safa



Umme Umaima

# Class Two *Activities*















# Class Three Activities



Ashrafus Sadat Aas



Maher Bin Absar



Imtiazul Hoque



Zahra Ahmad Safirah




Asna Binte Asad



Aysha Binte Jashim



Adiba Fatema Chowdhury



Taskin Tabassum



Sayeda Ayman maisha

















# Kids Festival




















# First Day of ZAITOON




















# Quran Week















## Qur'an Recitation Competition

### Category : Qur'an



Ashrafus Sadat Aas
1st
Class Three



Imtiazul Hoque
2nd
Class Three



Mahmuda Raiyaan Noor
2nd
Class Two



Taskin Tabassum
3rd
Class Three

### Category : Ampara



Md. Ajwad
1st
Class One



Mehmet-Al-Zaheen
2nd
Class Two



Maher Bin Absar
3rd
Class Three

### Category : Qayedah



Rabeya Akter Megha
1st
Class One



Nusaiba Alam
2nd
Class One



Mehrima Binte Faruk
3rd
Class One



# পিঠা উৎসব

















| | | |
|---|---|---|
| Champion | : | KG |
| 1st Runner-up | : | Class Two |
| 2nd Runner-up | : | Class Three |





# Art Competetion





























# Seminar & Workshop



যাইতুন একাডেমি ও ITV-USA কর্তৃক আয়োজিত Da`wah Activities in Western Countries শীর্ষক সেমিনারের প্রধান অতিথি জনাব মুহাম্মদ শহীদুল্লাহ ও অন্যান্য অতিথিবৃন্দ



ITV-USA-এর পক্ষ থেকে যাইতুন একাডেমিকে ক্রেস্ট প্রদান করছেন ITV-USA-এর পরিচালক জনাব মুহাম্মদ শহীদুল্লাহ



সন্তানকে শিক্ষাদানে অভিভাবকের অংশগ্রহণ শীর্ষক কর্মশালায় ট্রেনিং প্রদান করছেন যাইতুন একাডেমির চেয়ারম্যান ড. মুহাম্মদ আমিনুল হক




প্যারেন্টিং সেমিনারের প্রধান অতিথি জনাব জিয়াউল হককে ফুলের তোড়া দিয়ে বরণ



প্যারেন্টিং সেমিনারে প্রধান অতিথির বক্তব্য রাখছেন জনাব জিয়াউল হক




আধুনিক পদ্ধতিতে আরবি ভাষা শিক্ষাদান শীর্ষক এডুকেটরস সেমিনারে বক্তব্য রাখছেন প্রবন্ধকার প্রফেসর ড. মাহমুদুল হাসান ইউসুফ




আধুনিক পদ্ধতিতে আরবি ভাষা শিক্ষাদান শীর্ষক এডুকেটরস সেমিনারে আগত শিক্ষিকাদের একাংশ

# Various Activities




টিচার্স রিসেপশন প্রোগ্রামের একাংশ



শিক্ষকদের প্রশিক্ষণ দিচ্ছেন প্রফেসর ড. বিএম মফিজুর রহমান আল-আজহারী




ভাষা শহীদ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪ পালিত



সাপ্তাহিক তারবিয়্যাহ ক্লাস নিচ্ছেন ড. মুহাম্মদ শহীদুল হক



সাপ্তাহিক আরবি লেকচার ক্লাস নিচ্ছেন ড. বিএম মফিজুর রহমান আল-আজহারী



যাইতুন লাইব্রেরিতে শিক্ষার্থীদের স্টাডি



যাইতুন স্টুডিওতে রেকর্ডিং দিচ্ছে আবাসিক শিক্ষার্থী



যাইতুনের পক্ষ থেকে কৃতজ্ঞতা ক্রেস্ট তুলে দেয়া হচ্ছে জনাব মোহাম্মদ জাফর সাহেবকে

# Residential Tahfeez (Boys) Activities



















# Residential Tahfeez (Girls) Activities




















# Hifz Graduation



**Muhammad Mohshin**



**Tajrian Mobarak**



**Kabid Bin Alam**



**Mahir Shahryer**















# Study Tour-2024












# GUEST VISITS



যাইতুন পরিদর্শনে খ্যাতিমান প্রফেসর ড. আবু বকর রফিক আহমদ



ইলান্নুর ইনস্টিটিউট-এর শীর্ষ নেতৃবৃন্দ যাইতুন সকাশে



ইসলামী বিশ্ববিদ্যালয় কুষ্টিয়া-এর প্রফেসর ড. আবু জাফর খান ডেলিগেটসহ যাইতুন একাডেমি পরিদর্শনে




বিশিষ্ট এনজিও ব্যক্তিত্ব জ্যামাইকা মুসলিম সেন্টার, নিউ ইয়র্ক এর চেয়ারম্যান জনাব আফতাব মান্নানকে যাইতুন প্রকাশনা সামগ্রী প্রদান



বিশিষ্ট মুফাস্সিরে কুরআন মাওলানা হাসিবুর রহমানকে যাইতুনের পক্ষ থেকে উপহার



কোয়ালিটি আপগ্রেডিং একাডেমি, জর্ডানের জেনারেল ম্যানেজার ড. মাহমুদ আব্দুল মজিদকে যাইতুনের ক্যালেন্ডার উপহার



যাইতুন একাডেমি পরিদর্শনে জ্যামাইকা মুসলিম সেন্টার-এর চেয়ারম্যান জনাব আফতাব মান্নান, বিশিষ্ট ব্যাবসায়ী জনাব আলাউদ্দিন এবং ন্যাশনাল হাসপাতালের ডিরেক্টর ডাক্তার নাসের স্যার



আল মাগরিব ইন্টারন্যাশনাল স্কুলের প্রিন্সিপ্যাল ও ভাইস প্রিন্সিপ্যালকে যাইতুনে স্বাগত জানাচ্ছেন ড. মুহাম্মদ আমিনুল হক



**Abul Hares Abdullah**
Dawrah e Hadith & Hafezul Quran
Head, Dept. of Tahfeez



**Kazi Muhammad Ammar**
Dawrah-e-Hadith (MA in Arabic)
Teacher, Quranic Studies



**Md. Jubair**
Dawrah-E-Hadith & Hafijul Quran
Teacher, Quranic Studies



**Muntaha Jamil**
Dawrah-E-Hadith, BA in DIS
Teacher, Quranic Studies



**Abdur Rakib Chowdhury**
B.S.S (Hons) in Economics
Teacher, National Curriculum (NC)



**Md. Amin Sharif**
Dawrah-E-Hadith and Ifta
Residential Hifz Teacher



**Hasina Akter**
MA in Dawah and Islamic Studies
Teacher, Tahfeez (Girls)



**Sabera Akter**
BA Hons. in DIS
Teacher, Tahfeez (Girls)



**Sumaiya Ferdous Nishat**
B. Pharm
Teacher, National Curriculum (NC)



**Safina Rahman**
MA in ELL
Teacher, National Curriculum (NC)



**Tania Hossain**
Master of Education (M. Ed.)
Teacher, National Curriculum (NC)



**Farjana Diba**
MBA in Finance & Banking
Teacher, National Curriculum (NC)



**Israt Jabin Dola**
L.L.B (Hons), L.LM (Masters)
Teacher, National Curriculum (NC)



**Jahidul Islam**
Account Officer

# Our Teachers & Staffs



**Md. Olywllah**
HR & IT Officer



**Abbas Uddin**
Admin Assistant

# যাইতুন একাডেমি


জালালাবাদ হাইটস, জালালাবাদ আবাসিক
এলাকা, সেক্টর-০১, রোড-০১, লেইন-০২
(মেম্বার গলি), পশ্চিম খুলশী, চট্টগ্রাম।

০১৭৬৮-৮৫৮৭৮৭
০১৭৪৮-৮০৬৪৯২